

তথ্য অবমুক্তিকরণ নির্দেশিকা  
যৌথ নদী কমিশন, বাংলাদেশ  
পানি সম্পদ মন্ত্রণালয়

তথ্য হালনাগাদের সর্বশেষ তারিখঃ ১২/১১/২০১৮ খ্রিঃ।

ক. স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা ও প্রকাশের মাধ্যম

ক্রম	তথ্যের বিবরণ	তথ্য প্রকাশের মাধ্যম
১	যৌথ নদী কমিশন, বাংলাদেশ এর সাংগঠনিক কাঠামো ও কার্যক্রমের বিবরণ, কার্যপ্রণালী এবং দায়িত্বসমূহ	নোটিশ বোর্ড, প্রত্যেক অফিস/তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট।
২	যৌথ নদী কমিশন, বাংলাদেশ এর কর্মকর্তা ও কর্মচারীর ডিরেক্টরী	অফিস/তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি
৩	নাম, পদবী, ঠিকানা, ফোন নম্বর এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানাসহ তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/বিকল্প কর্মকর্তার নাম	অফিস/তথ্য প্রদান ইউনিটের নোটিশ বোর্ড ও ওয়েবসাইট
৪	নাম, পদবী, ঠিকানা, ফোন নম্বর এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানাসহ তথ্য প্রদানকারী আপিল কর্তৃপক্ষের তালিকা	কর্তৃপক্ষের নোটিশ বোর্ড, ওয়েবসাইট/গণমাধ্যম ইত্যাদি।
৫	গঞ্জার পানি বণ্টন সংক্রান্ত সংবাদ বিজ্ঞপ্তি	কর্তৃপক্ষের নোটিশ বোর্ড, ওয়েবসাইট/গণমাধ্যম ইত্যাদি।

খ. চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্যের তালিকাঃ

নিম্নলিখিত তথ্যসমূহ জনগণের চাহিদার ভিত্তিতে প্রদান করা হবে-

- স্বপ্রণোদিতভাবে প্রকাশিত সকল তথ্য
- গঞ্জা নদীর পানি বণ্টন চুক্তি
- বাজেট
- ক্রয় কার্যক্রমসংক্রান্ত তথ্য (সিদ্ধান্ত গ্রহণের পর)
- নিয়োগ/বদলির আদেশ
- দেশে বা বিদেশ ভ্রমণসংক্রান্ত তথ্যাদি
- সিটিজেন চার্টার
- পানি সম্পদ মন্ত্রণালয়/যৌথ নদী কমিশন, বাংলাদেশ এর বার্ষিক প্রতিবেদন
- আন্তঃসীমান্ত নদীর বর্ণনা, ম্যাপ ইত্যাদি

গ. প্রদান বাধ্যতামূলক নয়, এমন তথ্যের তালিকাঃ

এ নির্দেশিকায় অন্যান্য অনুচ্ছেদে যা কিছুই থাকুক না কেন যৌথ নদী কমিশন, বাংলাদেশ নিম্নোক্ত তথ্যসমূহ প্রদান বা প্রকাশ বা প্রচার করতে বাধ্য থাকবেনা-

- বাংলাদেশ ও ভারতের মধ্যে অনুষ্ঠিত অভিন্ন নদীসমূহ সংক্রান্ত যৌথ নদী কমিশনের বিভিন্ন পর্যায়ের দ্বিপাক্ষিক সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ।
- কর্মী ও উপকারভোগীর ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুণ্ণ হয়, এরূপ তথ্য।
- বিচারাধীন মামলার তথ্য যা ঐ মামলার সুষ্ঠু বিচারকার্যকে ব্যাহত করতে পারে, এরূপ তথ্য।
- তদন্তাধীন বিষয় সংশ্লিষ্ট কোনো তথ্য, যার প্রকাশ তদন্ত কাজে বিঘ্ন ঘটাতে পারে।
- কোনো ক্রয় কার্যক্রমের বিষয়ে সিদ্ধান্ত নেয়ার আগে সংশ্লিষ্ট ক্রয় বা এর কার্যক্রম সংক্রান্ত কোনো তথ্য।
- গবেষণার সূত্র বা কৌশল বা কারো বুদ্ধিবৃত্তিক সম্পদের অধিকার ক্ষতিগ্রস্ত হতে পারে, এরূপ তথ্য।
- নিয়োগ পরীক্ষার প্রশ্নপত্র ও পরীক্ষার ফলাফল সংক্রান্ত আগাম তথ্য, ইত্যাদি।
- আলোচনাধীন চুক্তির খসড়া, সমঝোতা স্মারক, দ্বিপাক্ষিক/বহুপাক্ষিক সভার কার্যপত্র ইত্যাদি।